# ঢালিউড ২০২৪ ঝিকিমিকি তারকারা

মাসুম আওয়াল

*এই তো সেদিন দরজায় কড়া নেড়ে হাজির হয়েছিল ২০২৪ সাল। স্বাগতম জানিয়ে তাকে বরণ করে নিয়েছিলাম আমরা। তারপর একদিন, দুইদিন, একমাস, দুই মাস করে তার বিদায়ের পালা। বছর শেষে হিসাবের খাতা খুলে দেখা, কী হলো আর কি হলো না! বিশেষ কোনো কাজের মধ্যে কী ধরা থাকলো সময়গুলো, নাকি হেলায় ফুরিয়ে গেল সময়। আমরা চোখ বুলাবো সিনেপাড়ায়। নতুন ও ভিন্নধর্মী কাজ নিয়ে ঢালিউডের যেসব তারকারা আলোচনায় ছিলেন এক ঝলকে দেখে নেওয়া যাক; তারা, কারা?*

## সায়মনের সিনেমায় বছর শুরু

বছরের শুরুর মাসেই ১৯ জানুয়ারি মুক্তি পায় মেহেদী হাসান পরিচালিত ‘শেষ বাজি’। সিনেমাটি প্রযোজনা করেন সৈয়দ মোহাম্মদ সোহেল। এতে জুটি ছিলেন সাইমন সাদিক ও শিরিন শিলা। একই দিনে মুক্তি পায় চয়নিকা চৌধুরী পরিচালিত ‘কাগজের বউ’ সিনেমাটি। এ সিনেমায় জুটি হন ‘ডি এ তায়েব-পরীমণি।

## অপু বিশ্বাসের দুই সিনেমা

ফেব্রুয়ারি মাসের ৯ তারিখে মুক্তি পায় ‘ট্র্যাপ-দ্য আনটোল্ড স্টোরি’। থ্রিলার রোমান্টিক চলচ্চিত্রটি পরিচালনা করেন দীন ইসলাম। এতে অভিনয় করেছেন অপু বিশ্বাস, জয় চৌধুরী। এটি জয়-অপু জুটির দ্বিতীয় সিনেমা। এরপর ১৬ ফেব্রুয়ারি প্রেক্ষাগৃহে মুক্তি পায় ‘ছায়াবৃক্ষ’। এর চিত্রনাট্য ও পরিচালনা করেন বন্ধন বিশ্বাস। এই সিনেমাটির নায়িকাও ছিলেন অপু বিশ্বাস। চমক ছিলো ১৫ বছর পর বড় পর্দায় জুটি হয়ে প্রধান চরিত্রে অভিনয় করেন নিরব হোসেন ও অপু বিশ্বাস। সহকারী ভূমিকায় ছিলেন কাজী নওশাবা আহমেদ ও সুমিত সেনগুপ্ত। সিনেমাটি বাংলাদেশ সরকারের অনুদানে চা শ্রমিকদের জীবন সংগ্রাম নিয়ে নির্মিত হয়।

## প্রশংসিত তাসনিয়া ফারিণ

২২ ফেব্রুয়ারি ওটিটি প্লাটফর্ম চরকিতে মুক্তি পায় সিনেমা ‘কাছের মানুষ দূরে থুইয়া’। এটি মিনিস্ট্রি অব লাভ-এর দ্বিতীয় সিনেমা, যা পরিচালনা করেছেন শিহাব শাহীন। প্রধান চরিত্রে অভিনয় করছেন প্রীতম হাসান ও তাসনিয়া ফারিণ। চলচ্চিত্রটি মুক্তির পর বেশ কিছু দৃশ্য সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। টলিউড দিয়ে সিনেমায় অভিষেক হয়েছে ঢাকার অভিনেত্রী তাসনিয়া ফারিণের। ২০২৩ সালের ফেব্রুয়ারিতে মুক্তি পায় ‘আরও এক পৃথিবী’ নামের সেই সিনেমা। অতনু ঘোষ নির্মিত ছবিটি প্রশংসা পেয়েছিল বেশ। এছাড়া ফারিণ এ বছর দর্শকের মন জয় করে নিয়েছেন ‘ফাতিমা’ সিনেমা দিয়ে। এটি পরিচালনা করেছেন ধ্রুব হাসান। প্রধান চরিত্রে অভিনয় করেছেন তাসনিয়া ফারিণ ও ইয়াশ রোহান। ২৪ মে সিনেমাটি বাংলাদেশে মুক্তি পায়।

## জায়েদ খানের ‘সোনার চর’

জায়েদ খান এমনিতেই মিডিয়া কোনো না কোনো কিছু দিয়ে আলোচনায় থাকেন সব সময়। ১১ এপ্রিল প্রেক্ষাগৃহে মুক্তি পায় ‘সোনার চর’। পরিচালনার পাশাপাশি কাহিনী, চিত্রনাট্য ও সংলাপ লিখেছেন জাহিদ হাসান। প্রধান চরিত্রে অভিনয় করেছেন জায়েদ খান, তার বিপরীতে অভিনয় করেছেন নবীন চিত্রনায়িকা জান্নাতুল স্নিগ্ধা। বিশেষ দুই চরিত্রে ছিলেন মৌসুমী ও ওমর সানী। এতে পঁচাত্তর পরবর্তী সময়ে রাজনৈতিক প্রেক্ষাপটে গল্প আবর্তিত হয়।

## শরিফুল রাজের টার্নিং

নায়ক শরিফুল রাজের চলচ্চিত্র ক্যারিয়ার বেশ উজ্জ্বল ছিল এ বছর। ১১ এপ্রিল প্রেক্ষাগৃহে মুক্তি ‘কাজলরেখা’। চারশো বছর আগের বাংলার রূপকথা মৈমনসিংহ গীতিকার কাজলরেখা অবলম্বনে পরিচালনা করেন গিয়াস উদ্দিন সেলিম। প্রধান চরিত্রে অভিনয় করেন শরিফুল রাজ ও মন্দিরা চক্রবর্তী। ১১ এপ্রিল মুক্তি পায় চলচ্চিত্র ‘দেয়ালের দেশ’। বাংলাদেশ সরকারের অনুদানে পরিচালনার পাশাপাশি ছবিটির কাহিনী ও চিত্রনাট্য লিখেছেন মিশুক মনি। মুখ্য চরিত্রে অভিনয় করেছেন শরিফুল রাজ ও শবনম বুবলী। ১১ এপ্রিল আরও মুক্তি পায় চলচ্চিত্র ‘ওমর’। অ্যাকশন থ্রিলার চলচ্চিত্রটিরও নায়ক ছিলেন শরিফুল রাজ। এটি পরিচালনা করেন মোস্তফা কামাল রাজ।

## একদিনে বুবলীর দুই সিনেমা

অনেকেই ধারণা করেছিলেন শাকিব খানের সঙ্গে বিচ্ছেদের পর বুবলী হারিয়ে যাবেন। কিন্তু সবার ধারণাকে ভুল প্রমাণিত করে নিয়মিত অভিনয় করে যাচ্ছেন চিত্রনায়িকা শবনম বুবলী। যার ফলে এক দিনে মুক্তি পেয়েছে তার অভিনীত দুইটি চলচ্চিত্র। ১১ এপ্রিল মুক্তি পায় বুবলী অভিনীত ‘মায়া: দ্য লাভ’ ও ‘দেয়ালের দেশ’। ‘মায়া: দ্য লাভ’ পরিচালনা করেছেন জসিম উদ্দিন জাকির। কাহিনী, চিত্রনাট্য ও সংলাপ লিখেছেন জসিম উদ্দিন জাকির। এখানে প্রধান চরিত্রে আরও অভিনয় করেছেন আনিসুর রহমান মিলন, সাইমন সাদিক ও জিয়াউল রোশান। ১৭ জুন মুক্তি পায় বুবলী অভিনীত আরও একটি চলচ্চিত্র ‘রিভেঞ্জ’। এটি পরিচালনা করেছেন মোহাম্মদ ইকবাল। আব্দুল্লাহ জহির বাবুর গল্পে চিত্রনাট্য ও সংলাপ লিখেছেন আবদুল্লাহ জহির বাবু। প্রধান চরিত্রে অভিনয় করেছেন জিয়াউল রোশান ও শবনম বুবলী।

## রাজ করছেন শাকিব খান

দুই দশকেরও বেশি সময় ধরে ঢাকাই সিনেমায় রাজ করছেন চিত্রনায়ক শাকিব খান। তার ধারাবাহিকতা বজায় রেখেছেন ২০২৪ সালেও। চলতি বছরে ঈদুল ফিতর উপলক্ষ্যে ১১ এপ্রিল দেশব্যাপী ১২৭টি প্রেক্ষাগৃহে মুক্তি পায় শাকিব খান অভিনীত ‘রাজকুমার’। প্রণয়ধর্মী গল্পে এটি পরিচালনা করেন নির্মাতা হিমেল আশরাফ। এতে শাকিবের সঙ্গে জুটি বাঁধেন মার্কিন অভিনেত্রী কোর্টনি কফি। ভার্সেটাইল মিডিয়ার ব্যানারে এটি প্রযোজনা করেন এরশাদ আদনান। সেসময় স্টার সিনেপ্লেক্স কর্তৃপক্ষ জানিয়েছিল, রেকর্ড পরিমাণ ব্যবসা করছে শাকিবের রাজকুমার। সিনেমাটির নির্মাণ ব্যয় ছিল ৮ কোটি। সংশ্লিষ্ট এক সূত্রের বরাতে জানা যায়, মুক্তির পর দেশ-বিদেশ মিলিয়ে মোট ২৬ কোটি টাকার ব্যবসা করেছে রাজকুমার। সিনেমাটির রেশ ধরেই শাকিবকে নিয়ে তুমুল আলোচনা হয়। নিজেকে সিনেমার প্রয়োজনে নতুন ভাবে বদলে নিয়েছিলেন শাকিব। বছরের শেষেও আলোচনায় শাকিব খান। ১৫ নভেম্বর মুক্তি পেয়েছে ভারত-বাংলাদেশ যৌথ প্রযোজনায় নির্মিত মনস্তাত্ত্বিক রোমাঞ্চকর চলচ্চিত্র ‘দরদ’। এটি রচনা ও পরিচালনা করেছেন অনন্য মামুন। বাংলাদেশের অ্যাকশন কাট এন্টারটেইনমেন্ট, কিবরিয়া ফিল্মস, ভারতের এসকে মুভিজ ও ওয়ান ওয়ার্ল্ড মুভিজের ব্যানারে সহ-প্রযোজনা করেছেন সরদার সানিয়াত হোসেন, কামাল মোহাম্মদ কিবরিয়া লিপু এবং হিমাংশু ধানুকা। ছবিটিতে প্রধান চরিত্রে অভিনয় করেছেন শাকিব খান ও সোনাল চৌহান। এই ছবিতেও দর্শক মাতাচ্ছেন শাকিব।

## আদর আজাদের ক্রাইম থ্রিলার

সময়ের জনপ্রিয় মডেল আদর আজাদ। চলচ্চিত্রেও নাম লিখেছেন তিনি। ১১ এপ্রিল মুক্তি পায় আদর আজাদ অভিনীত ‘লিপস্টিক’ সিনেমাটি। কামরুজ্জামান রোমান পরিচালিত ক্রাইম থ্রিলার ঘরানার চলচ্চিত্রটির কাহিনী, চিত্রনাট্য ও সংলাপ লিখেছেন আব্দুল্লাহ জহির বাবু। প্রধান চরিত্রে অভিনয় করেছেন আদর আজাদ ও পূজা চেরি।

## পূজা চেরির সিনেমা

আদর আজাদের ‘লিপস্টিক’ সিনেমার নায়িকা ছিলেন পূজা চেরি। ১১ এপ্রিল মুক্তি পায় সিনেমাটি। মাস খানেক পর আরও একটি

সিনেমা মুক্তি পেয়েছে পূজা চেরি অভিনীত। 'আগন্তুক' নামের চলচ্চিত্রটি মুক্তি পায় ১৭ জুন। গল্প, চিত্রনাট্য ও সংলাপ রচনার সঙ্গে পরিচালনা করেছেন সুমন ধর। গল্প ও চিত্রনাট্য রচনায় সাহায্য করেছেন আনিসুর রহমান। অভি কথাচিত্রের ব্যানারে প্রযোজনা ও পরিবেশনা করেছেন জাহিদ হাসান অভি। এই সিনেমার নায়িকা ছিলেন পূজা চেরি ও তার বিপরীতে অভিনয় করেন শ্যামল মাওলা।

## আহমেদ রুবেলের শেষ সিনেমা

আহমেদ রুবেল ২০২৪ সালের ৭ ফেব্রুয়ারি সন্ধ্যায় সবাইকে ছেড়ে না ফেরার দেশে চলে গেছেন। ১১ এপ্রিল মুক্তি পায় তার অভিনীত মুক্তি পাওয়া শেষ সিনেমাটি। 'জ্বীন ২' নামের এটি একটি  ভৌতিক চলচ্চিত্র। জাজ মাল্টিমিডিয়া ব্যানারে পরিচালনা করেছেন কামরুজ্জামান রুমান। সিনেমাটিতে নাম ভূমিকায় অভিনয় করেছেন সুপ্রভাত। আর বিশেষ একটি চরিত্রে অভিনয় করেছিলেন আহমেদ রুবেল। এটি ছিল জ্বীন চলচ্চিত্রের দ্বিতীয় কিস্তি।

## ছটকু আহমেদের সিনেমায় ফেরদৌস

সিনেমাতে চিত্রনায়ক ফেরদৌসের যাত্রা শুরু হয়েছিল ছটকু আহমেদের পরিচালনায় 'বুকের ভেতর আগুন' সিনেমাতে অভিনয়ের মধ্য দিয়ে। এই সিনেমার পর বিগত ২৫ বছরে ছটকু আহমেদের পরিচালনায় আর কোনো সিনেমায় কাজ করা হয়নি ফেরদৌসের। দীর্ঘ ২৫ বছর পর আবারও ছটকু আহমেদের পরিচালনায় অভিনয় করছেন ফেরদৌস। সিনেমার নাম 'আহারে জীবন'। সিনেমাটি ১১ এপ্রিল মুক্তি পায়।

## নওসাবার মেঘ কন্যা

১১ এপ্রিল মুক্তি পায় 'মেঘনা কন্যা'। এটি পরিচালনা করছেন ফুয়াদ চৌধুরী, যা তার নির্মিত প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। নারী পাচারকে কেন্দ্র করে গ্রাম ও শহরের দুই নারীর শেকলভাঙার গল্প নিয়ে তৈরি হয়েছে। প্রধান ভূমিকায় অভিনয় করেছেন কাজী নওশাবা আহমেদ, ফজলুর রহমান বাবু ও শতাব্দী ওয়াদুদ।  ছবিটির সাউন্ডট্র্যাক করেছেন শারমিন সুলতানা সুমি এবং চিত্রনাট্য ও সংলাপ লিখেছেন ফাহমিদুর রহমান ও আহমেদ খান হীরক।

## জমজ জুটির সিনেমা

দেশের এই সময়ের খ্যাতিমান তারকাদম্পতি বৃন্দাবন দাস-শাহনাজ খুশী ও সতীর্থ রহমান-গোলাম ফরিদা ছন্দা। মিডিয়ায় এই সময়ের প্রিয় মুখ দিব্য-সৌম্য ও টাপুর-টুপুর। বিভিন্ন রকমের ব্যতিক্রমধর্মী চরিত্রের জন্য ডাক পড়ে তাদের। ২০২৪ সালে এই চার তরুণ তারকা মিলে উপহার দিয়েছেন দারুণ একটি সিনেমা। সিনেমাটির নাম 'মায়া'। বাংলাদেশি অতিলৌকিক হরর ওয়েব চলচ্চিত্র এটি। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় গল্প অবলম্বনে পরিচালনা করেন অনিমেষ আইচ। প্রধান চরিত্রে অভিনয় করেছেন দিব্য জ্যোতি, সৌম্য জ্যোতি, রোদেলা টাপুর ও মেঘলা টুপুর। এটি দীপ্ত প্লে-তে ১৪ এপ্রিল মুক্তি পায়।

## চঞ্চল চৌধুরীর মনোগামী

১০ এপ্রিল চরকিতে মুক্তি পায় 'লাস্ট ডিফেন্ডারস অব মনোগামী'। মোস্তফা সরয়ার ফারুকী পরিচালিত সিনেমাটিতে প্রধান চরিত্রে অভিনয় করেন চঞ্চল চৌধুরী ও জেফার রহমান। এর মাধ্যমে জেফারের ওয়েব চলচ্চিত্রে অভিষেক হয়। চরকির মিনিস্ট্রি অব লাভ প্রকল্পের তৃতীয় চলচ্চিত্র ছিল। সিনেমাটি ব্যাপক প্রশংসা পেয়েছে দর্শকের।

## মে মাসের সিনেমা

২০২৪ সালের মে মাসে বেশ কিছু সিনেমা মুক্তি পায়। এর মধ্যে ৩ মে মুক্তি পায় ভৌতিক 'ডেডবডি'। চলচ্চিত্রটি পরিচালনা ও প্রযোজনা করেছেন ইকবাল। প্রধান চরিত্রে অভিনয় করেছেন জিয়াউল রোশান ও কলকাতার মডেল অন্বেষা রায় অ্যানি।  এটি প্রযোজনা করেছে সুনান মুভিজ। ১০ মে  মুক্তি পায় 'পটু'। এটি পরিচালনা করেছেন আহমেদ হুমায়ুন। এটি পরিচালকের পরিচালিত প্রথম চলচ্চিত্র। প্রযোজনা ও বিতরণ করে জাজ মাল্টিমিডিয়া। সিনেমাটিতে প্রধান চরিত্রে অভিনয় করছেন ইভান সাইর, আফরা সাইয়ারা ও শোয়েব মনির। এর মাধ্যমে ইভান সাইর ও আফরা সাইয়ারা চলচ্চিত্রে অভিষেক করেন।  'শ্যামা কাব্য' চলচ্চিত্রটি মুক্তি পায় ৩ মে। সাইকোলজিক্যাল থ্রিলার চলচ্চিত্রটির কাহিনী, সংলাপ, চিত্রনাট্য রচনাসহ পরিচালনা করছেন বদরুল আনাম সৌদ। প্রধান চরিত্রে অভিনয় করেছেন সোহেল মণ্ডল ও নীলাঞ্জনা নীলা। প্রযোজক হিসেবে রয়েছে সুবর্ণা মুস্তাফা ও বদরুল আনাম সৌদ এবং সঙ্গীত পরিচালনা করেছেন ইমন সাহা। ২০১৯-২০ অর্থবছরের সরকারি অনুদান পাওয়া চলচ্চিত্র ছিল এটি। 'ময়নার শেষ কথা' মুক্তি পায় ২৪ মে। এর গল্প ও চিত্রনাট্য লেখার সঙ্গে পরিচালনা করেছেন বাবু সিদ্দিকী। লাইফ গোল্ড মিডিয়ার ব্যানারে প্রযোজনা করেছেন আজিম খান। প্রধান চরিত্রে অভিনয় করেছেন সানাই মাহবুব, সাখাওয়াত সাগর, রাসেল মিয়া, ইরা শিকদার ও অরুণা বিশ্বাস। 'সুস্বাগতম' সিনেমাটি মুক্তি পায় ২৪ মে। বনবীথি মুভিজের ব্যানারে গল্প, চিত্রনাট্য ও সংলাপ লেখার সাথে পরিচালনা করেছেন শফিকুল আলম। এর মাধ্যমে প্রধান চরিত্রে দ্বিতীয়বারের মতো জুটি বেঁধেছেন নিরব হোসেন ও অর্চিতা স্পর্শিয়া। সঙ্গীত পরিচালনা করেছেন অমিত চ্যাটার্জি। একজন নারীর বিমান চালক হওয়ার স্বপ্নকে ঘিরে সিনেমা গল্প আবর্তিত হয়। ১০ জুন ওটিটি প্লাটফর্ম দীপ্ত প্লে-তে মুক্তি পায় চলচ্চিত্র 'পয়জন'। ওয়েব থ্রিলারধর্মী চলচ্চিত্রটি পরিচালনা করেন সঞ্জয় সমদ্দার। গল্প ও চিত্রনাট্য লিখেছেন মামুনুর রশীদ তানিম। এতে প্রধান চরিত্রে অভিনয় করেছেন তানজিন তিশা, আবু হুরায়রা তানভীর, টাইগার রবি, রওনক হাসান, আবদুল্লাহ আল সেন্টু, এ কে আজাদ সেতু এবং এস এম সোহাগ।

## কৌশানীর 'ডার্ক ওয়ার্ল্ড'

১৭ জুন আরও মুক্তি পায় 'ডার্ক ওয়ার্ল্ড'। ক্রাইম থ্রিলার অ্যাকশন চলচ্চিত্রটির কাহিনী ও সংলাপ লিখেছেন দেলোয়ার হোসেন দিল, চিত্রনাট্য ও পরিচালনা করেছেন মোস্তাফিজুর রহমান মানিক। প্রধান চরিত্রে অভিনয় করেছেন নবাগত মুন্না খান ও কলকাতার নায়িকা কৌশানী মুখোপাধ্যায়।

## অনুদানের সিনেমায় পরমব্রত

১২ জুলাই মুক্তি পায় 'আজব কারখানা'। ২০১৬-১৭ অর্থবছরে সরকারি অনুদান ও সামিয়া জামানের প্রযোজনায় সিনেমাটি পরিচালনা করেন শবনম ফেরদৌসী। প্রধান চরিত্রে অভিনয় করেছেন কলকাতার অভিনেতা পরমব্রত চট্টোপাধ্যায়।

## ডিপজলের একমাত্র সিনেমা

চলতি বছরে মুক্তি পেয়েছে জনপ্রিয় অভিনেতা ডিপজল অভিনীত একটি মাত্র সিনেমা 'অমানুষ হলো মানুষ'। সিনেমাটি মুক্তি পায় ২৩ আগস্ট। মনতাজুর রহমান আকবর পরিচালিত চলচ্চিত্রটির চিত্রনাট্য রচনা করেছেন আব্দুল্লাহ জহির বাবু। অমিবনি কথাচিত্র ব্যানারে প্রযোজনা ও কাহিনী লিখেছেন ডিপজল।  প্রধান চরিত্রে অভিনয় করেছেন করেছেন ডিপজল, মৌ খান ও জয় চৌধুরী। পার্শ্ব চরিত্রে অভিনয় করেছেন মাহামুদুল ইসলাম মিঠু, রাশেদা চৌধুরী, জ্যাকি আলমগীর, বকুল সওদাগর, কিরণ ও সেলিম।

## কুসুম শিকদারের সিনেমা

১১ অক্টোবর প্রেক্ষাগৃহে মুক্তি পায় 'শরতের জবা'। মনস্তাত্ত্বিক থ্রিলার চলচ্চিত্রটি পরিচালনার পাশাপাশি কাহিনী, চিত্রনাট্য ও সংলাপ লিখেছেন কুসুম শিকদার। ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড ও পহড়ডাঙ্গা পিকচার্সের ব্যানারে কুসুম শিকদার ও ফরিদুর রেজা সাগর যৌথভাবে প্রযোজনা করেছেন। প্রধান চরিত্রে অভিনয় করেছেন কুসুম শিকদার ও ইয়াশ রোহান।

## রবীন্দ্রনাথের গল্প থেকে সিনেমা

১৮ অক্টোবর প্রেক্ষাগৃহে মুক্তি পায় 'হৈমন্তীর ইতিকথা'। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্প 'হৈমন্তী' অবলম্বনে এর চিত্রনাট্য লেখার সঙ্গে পরিচালনা করেছেন মির্জা সাখাওয়াৎ হোসেন। প্রধান চরিত্রে অভিনয় করেন সাইফ খান, ঐশিকা ঐশি, ঝুনা চৌধুরী ও রাশেদা চৌধুরী। ১৮ অক্টোবর আরও মুক্তি পায় 'চরিত্র' নামের একটি সিনেমা। ডিএন বাংলার ব্যানারে পরিচালনার পাশাপাশি কাহিনি, সংলাপ ও চিত্রনাট্য লিখেছেন দ্বীন ইসলাম। প্রধান চরিত্রে অভিনয় করেছেন দ্বীন ভাই, ফরহাদ, কান্তানুর, মিস্টি মারিয়া, সমু চৌধুরী, ফারুক আহমেদ এবং বড়দা মিঠু।

এক নজরে এই ছিল বাংলাদেশের সিনেপাড়ার হালচাল। নতুন বছরে আরও সুন্দর কিছুর প্রত্যাশায় থাকবে দর্শক।